



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/৬৬/ রাজ/ ৬০০৭

তারিখ : ২০৭ ০৭ ২৪

বিষয় : বিদ্যালয়ে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : প্রধান শিক্ষকের ০৪/০৪/২০২৪ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বিগত ২৫/০৩/২০২৪ তারিখে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি নির্বাচনের ফলাফল ঘোষণা হয়। প্রবিধানমালা ৮(১) অনুযায়ী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে সভাপতি নির্বাচন সম্পন্ন করার বিধান থাকা সত্ত্বেও সভাপতি নির্বাচন করা হয়নি।

এ বিষয়ে বিগত ২৫/০৩/২০২৪ তারিখ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/ প্রিজাইডিং অফিসার প্রত্যয়ন প্রদান করেন যে সভাপতি নির্বাচনের সময় মোট নির্বাচিত সদস্যদের দুই তৃতীয়াংশের উপস্থিত নিশ্চিত হয়নি বিধায় কোরাম সংকটের কারণে সভাপতি নির্বাচন সম্ভব হয়নি।

এমতাবস্থায় প্রবিধানমালা ৮(১) অনুযায়ী সভাপতি নির্বাচন করতে না পারায় বিদ্যালয়টি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রবিধানমালা ২০০৯ এর প্রবিধি ৩৯ মোতাবেক এডহক কমিটি গঠনের অনুমতি দেয়া হলো।

বোর্ডের ম্যানেজিং কমিটি গঠন বিষয়ক প্রবিধানমালা ২০০৯ এস.আর.ও নং ৯৯/আইন/২০০৯ এর ৩৯(১) ধারা অনুযায়ী গঠিত এডহক কমিটিতে অন্তর্ভুক্তির জন্য নিম্নোক্ত কাগজপত্র অবিলম্বে এ অফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

- ১। সভাপতি মনোনয়নের জন্য জীবন-বৃত্তান্তসহ ০৩(তিন) জন ব্যক্তির নাম।
- ২। একজন শিক্ষক প্রতিনিধির নাম (জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত)
- ৩। একজন অভিাবক প্রতিনিধির নাম (জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

সচিব
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

প্রাপক : প্রধান শিক্ষক
বার্থা উচ্চ বিদ্যালয়”
সদর, রাজবাড়ী।

মেমো নং- ৬০০৭(৫)

তারিখ : ০৭ ০৭ ২৪

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, রাজবাড়ী।
- ৩। জেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী।।
- ৪। পি.এস.-টুচেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।